ভোটার তালিকা অগ্রাধিকার
অতীব জরুরি



# বাংলাদেশ নির্বাচন কমিশন
## উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
## নেত্রকোণা সদর , নেত্রকোণা।

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪- ১৬২ তারিখ- ০৯ আগস্ট ২০২৬

বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ উপলক্ষে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১৭.০০.০০০০.০২৬.৩২.০২৪.২২- ১৬৯, তারিখঃ ০৯ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষে যারা ভোটার তালিকাভুক্তির জন্য নিবন্ধন সম্পন্ন করেছেন, তাদের মধ্যে যাদের জন্ম ৩১/০৭/২০০৮ তারিখ বা তার পূর্বে এমন ব্যক্তিদের মধ্যে যারা ৩১/০৭/২০২৬ পর্যন্ত যারা ডাটাবেইজে নিবন্ধিত হয়েছেন তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য ০৯ আগস্ট ২০২৬ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা রয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পূর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশ এবং তা যাচাই করে নেওয়ার বিধান রয়েছে এবং এ সম্পর্কে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে বিধি ২৫ অনুসরণপূর্বক হালনাগাদকৃত খসড়া তালিকা প্রকাশ থেকে শুরু করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত সময়সূচি নির্ধারণ করেছেন।

| ক্রম | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ | ০৯ আগস্ট ২০২৬ |
| ২.১ | দাবি, আপত্তি ও সংশোধনের জন্য আবেদন দাখিলের শেখ তারিখ | ২৪ আগস্ট ২০২৬ |
| ২.২ | সংশোধনকারী কর্তৃপক্ষ কর্তৃক দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনসমূহ নিষ্পত্তির শেষ তারিখ | ২৭ আগস্ট ২০২৬ |
| ২.৩ | দাবি, আপত্তি ও সংশোধনীর জন্য দাখিলকৃত আবেদনের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশ | ২৮ আগস্ট ২০২৬ |
| ৩ | হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ৩১ আগস্ট ২০২৬ |

এমতাবস্থায়, প্রকাশিত খসড়া ভোটার তালিকার (তাঁর আওতাধীন এলাকার) ০১ (এক) প্রস্থ অত্রসাথে প্রেরণ করা হলো। প্রেরিত তালিকা তাঁর দপ্তরে সংরক্ষণ করে সর্বসাধারণের পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- ০১ (এক) প্রস্থ খসড়া ভোটার তালিকা।

০৯.০৮.২৬
(মোঃ সিহাব উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন: ০২-৯৯৮৮২৭৩৩৬

১। প্রশাসক, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।

২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা

৩। প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট), নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪- ১৬২ তারিখ- ০৯ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগাঁরগাও, ঢাকা।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৪। জেলা নির্বাচন কর্মকর্তা, নেত্রকোণা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬। অফিসার ইন চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭। পৌর নির্বাহী কর্মকর্তা, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।
৮। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৯। অফিস কপি।

০৯.০৮.২৬
উপজেলা নির্বাচন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

ভোটার তালিকা অগ্রাধিকার
অতীব জরুরি

# বাংলাদেশ নির্বাচন কমিশন

**উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়**

**নেত্রকোণা সদর , নেত্রকোণা।**

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪- ১৬৩ তারিখ- ০৯ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭ (২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪(১) অনুসারে আমি মোঃ সিহাব উদ্দিন, উপজেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্দ্বারা অদ্য ০৯ আগস্ট ২০২৬ তারিখ নেত্রকোণা জেলার সদর উপজেলার নেত্রকোণা পৌরসভার ০১ হতে ০৯ নম্বর ওয়ার্ডের এবং মৌগাতি, মেদনী, ঠাকুরাকোণা, সিংহের বাংলা, আমতলা, লক্ষ্মীগঞ্জ, কাইলাটি, দক্ষিণ বিশিউড়া, চল্লিশা, রৌহা, কালিয়ারা গাবরাগাতি ও মদনপুর ইউনিয়নের ভোটার এলাকাসমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশ করছি।

২। উক্ত ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তির দাবী এবং অন্তর্ভুক্তির বিষয় সম্পর্কে সংশোধনী দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ২৪ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে আমার কার্যালয়ে অথবা সংশোধনকারী কর্তৃপক্ষ ও জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা মহোদয়-এর কার্যালয়ে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে দাখিল করতে হবে।

**টিকাঃ অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে অথবা প্রকাশিত স্থানসমূহে হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা দেখা যাবে।**

০৯.০৮.২৬

(মোঃ সিহাব উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন: ০২-৯৯৮৮২৭৩৩৬

স্থানঃ উপজেলা নির্বাচন অফিস
নেত্রকোণা সদর, নেত্রকোণা

তারিখঃ ০৯ আগস্ট ২০২৬